বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩-২৫৬ ২৪/০৪/২০১৭ খ্রিস্টাব্দ।

## অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পভূক্ত সমিতির সুফলভোগী সদস্যদের বিভিন্ন ধরনের প্রশিক্ষণ ও প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির কার্যক্রম চলমান রয়েছে। সমিতির সুফলভোগী সদস্যদের ব্যক্তিওয়ারী দৈনন্দিন আর্থিক লেনদেনের যাবতীয় তথ্য প্রকল্পের মাইক্রো-ফাইনান্স এমআইএস সফটওয়্যারের পাশাপাশি এর হার্ডকপি ম্যানুয়ালী সংরক্ষন করা হয়ে থাকে। প্রকল্পের আওতায় সমিতিভিত্তিক ঋণ, সলিডারিটি গ্রুপ ভিত্তিক ঋণ ও উদ্যোক্তা ঋণের পাশাপাশি বিভিন্ন উপজেলায় ব্যক্তিওয়ারী ঋণের চাহিদা রয়েছে। উপজেলায় প্রকল্প কার্যক্রমের বিভিন্ন দিক বিবেচনা করে যদি দেখা যায় ব্যক্তিওয়ারী ঋণ প্রদান করা হলে প্রকল্প কার্যক্রম আরও গতিশীল হবে তাহলে নিম্নোক্ত নির্দেশনা প্রতিপালন করে জেলাধীন প্রকল্পভূক্ত উপজেলাসমূহে ব্যক্তিওয়ারী ঋণ প্রদানের অনুমোদনের জন্য উপপরিচালক, বিআরডিবি-কে ক্ষমতা প্রদান করা হলোঃ

**নির্দেশনাঃ**

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীদের সাথে আনুষ্ঠানিক সভা/আলোচনা করে প্রয়োজনে সমিতি পরিদর্শনপূর্বক সমিতির সদস্যদের সাথে আলাপ-আলোচনা করে উপজেলায় ব্যক্তিওয়ারী ঋণ প্রদানের অনুমোদনের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, বিআরডিবি এর বরাবর প্রস্তাব প্রেরণ করবেন;

২. উপপরিচালক, বিআরডিবি প্রাপ্ত প্রস্তাব যৌক্তিক মনে করলে সংশ্লিষ্ট উপজেলায় ব্যক্তিওয়ারী ঋণ প্রদানের অনুমোদন দিবেন;

৩. কোন আর্থিক বছরে সমিতির ২০% এর বেশী সদস্য বা বিতরনকৃত ঋণের ২০% এর বেশী অর্থ মেয়াদোত্তীর্ণ থাকলে সে সমিতির কোন সদস্যকে অথবা সমিতিতে পূণরায় ঋণ প্রদান করা যাবে না;

৪. ব্যক্তিওয়ারী ঋণ আদায়ের সমিতি ডে একই তারিখে হতে হবে;

৫. ব্যক্তিওয়ারী ঋণ প্রক্রিয়াকরণে প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকা ও ঋণ মঞ্জুরী সংক্রান্ত বিষয়ে জারিকৃত পত্র যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং প্রয়োজনীয় কাগজপত্র ব্যবহার ও সংরক্ষণ করতে হবে;

৬. ব্যক্তিওয়ারী ঋণ প্রদানের ক্ষেত্রে ঋণের চেক সংশ্লিষ্ট ব্যক্তি অথবা সমিতি কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের নামে ইস্যু করা যাবে;

৭. ব্যক্তিওয়ারী ঋণ প্রদানের পর তা যথাযথভাবে প্রকল্পের সফট্ওয়ারসহ ঋণ খতিয়ান ও অন্যান্য রেজিস্টারে এন্ট্রি দিতে হবে;

৮. ব্যক্তিওয়ারী ঋণ প্রদানের ক্ষেত্রে বিভিন্ন সময়ে বিচ্ছিন্নভাবে ঋণ প্রদান না করে হিসাব সংরক্ষনের সুবিধার্থে যতদূর সম্ভব সমিতির সকল সদস্যকে অথবা অধিকাংশ সদস্যকে একই তারিখে ঋণ প্রদানের বিষয়টি বিবেচনা করা যাবে, তবে সমিতিতে শুধুমাত্র ২/৩ জন সদস্যের ঋণ চাহিদা থাকলে তাও বিবেচনা করা যাবে;

৯. সাপ্তাহিক কিস্তিতে ঋণ আদায় করতে হবে; যদি কোন সদস্য মেয়াদের শেষ প্রান্তে একসঙ্গে গৃহীত ঋণের ৫০% এর অধিক পরিশোধ করেন তাকে পূণরায় ঋণ প্রদানের ক্ষেত্রে অবশ্যই ১/২ মাস পর্যবেক্ষনে রেখে ভাল ভাবে যাচাই করে নিতে হবে।

প্রকল্পের স্বার্থে এ আদেশ জারি করা হলো; যা অবিলম্বে কার্যকর হবে।

২৪.০৪.১৭

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। উপপরিচালক, বিআরডিবি, ---------------জেলা।
২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ ------------, জেলাঃ ------------- ।
৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ ------------, জেলাঃ ------------- ।
৭। হিসাব সহকারী/মাঠ সংগঠক (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ ------------, জেলাঃ ------------- ।
৮। অফিস কপি।